

2024/FYUG/EVEN/SEM/
BNGDSC-152T/102

FYUG Even Semester Exam., 2024

BENGALI

(2nd Semester)

Course No. : BNGDSC-152T

(মধ্যযুগের সাহিত্য পাঠ)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাঠ্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

বিভাগ—ক

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

১। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের আবিষ্কর্তা কে? এই কাব্যের কবি কোন্ দেবতার উপাসক ছিলেন?

২। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কোন্ শতকের রচনা বলে পণ্ডিতেরা অনুমান করেন? এতে কয়টি খণ্ড রয়েছে?

৩। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কোন্ খণ্ডে কৃষ্ণ ও রাধার জন্মকথা বিবৃত হয়েছে? কৃষ্ণের প্রণয়প্রস্তাব নিয়ে রাধার কাছে কে গিয়েছিলেন?

- ৪। “সই কে বা শুনাইলে শ্যাম নাম”—এই পদটির রচয়িতা কে?
এটি কোন্ পর্যায়ের কবিতা?
- ৫। চৈতন্য-পরবর্তী দুজন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।
- ৬। “কণ্টক গাড়ি কমলসম পদতল”—এটি কোন্ পর্যায়ের পদ?
এটির রচয়িতা কে?
- ৭। চাঁদ সদাগরের নিবাস কোথায়? বেহুলার পিতার নাম কী?
- ৮। মুকুন্দ চক্রবর্তীর ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যের ঋণ দুটি কী কী?
- ৯। বারোমাস্যা বলতে কী বোঝ?
- ১০। ‘রামায়ণ-মহাভারত’ কী ধরনের কাব্য? ‘মহাভারত’-এ মোট
কয়টি পর্ব রয়েছে?
- ১১। মৎস্যদেশের রাজার নাম কী? তাঁর রাজ্যে অজ্ঞাতবাস পূর্বে
ভীমের নাম কী ছিল?
- ১২। “এত শুনি কৃষ্ণা তবে বলে সুদেষ্ণারে”—কৃষ্ণা ও সুদেষ্ণার
পরিচয় দাও।
- ১৩। রামপ্রসাদ সেন কোন্ শতাব্দীর কবি? তাঁর রচিত গানগুলি কী
নামে পরিচিত?
- ১৪। উমার পিতামাতার নাম লেখো।

- ১৫। “এবার মায়ে বিয়ে করবো ঝগড়া, জামাই বলে মানব না।”
বক্তা কে? ‘জামাই’-এর পরিচয় কী?

বিভাগ—খ

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

১০×৫=৫০

- ১৬। “‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের অন্যতম গুণ আখ্যানের
নাটকীয়তা।” তোমার পাঠ অভিজ্ঞতার আলোকে মন্তব্যটি
পর্যালোচনা করো।
- ১৭। ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের পাঠ্য অংশ অবলম্বনে শ্রীরাধা চরিত্রটি
আলোচনা করো।
- ১৮। পূর্বরাগের সংজ্ঞা দাও। এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কবিকৃতির
পরিচয় দাও। $২+৮=১০$
- ১৯। মাথুর বলতে কী বোঝ? মাথুরের পদগুলি অবলম্বনে বিরহিণী
রাধার চালচিত্র অঙ্কন করো। $২+৮=১০$
- ২০। ‘মনসামঙ্গল’ কাব্যের ‘সদাগরের সিংহলযাত্রা’ অধ্যায় অবলম্বনে
চাঁদ সদাগরের বাণিজ্যকর্মের সংক্ষিপ্ত বর্ণনা দিয়ে এই
বাণিজ্যযাত্রার পরিণাম কী হয়েছিল তা নিজের ভাষায় লেখো।
- ২১। ‘কবিকঙ্কণ চণ্ডী’র ‘পশুগণের রোদন’ অধ্যায়ে মুকুন্দ চক্রবর্তীর
সমাজতাবনার যে পরিচয় ফুটে উঠেছে সে বিষয়ে আলোচনা
করো।
- ২২। কালীরাম দাসের ‘মহাভারত’-এর বিরাট পর্ব অনুসরণে ছন্দবৈশী
পঞ্চপাণ্ডবের বিরাট রাজসভায় আশ্রয়গ্রহণের বিবরণ দাও।

- ২৩। পাঠ্য কাব্যংশ অবলম্বনে যুদ্ধ বর্ণনায় কাশীরাম দাসের কৃতিত্ব আলোচনা করো।
- ২৪। ‘শাক্তপদাবলি’র আগমনী ও বিজয়া পর্যায়ের পদগুলিতে বাঙালির গার্হস্থ্য জীবনরসের যে পরিচয় ফুটে উঠেছে সে বিষয়ে আলোচনা করো।
- ২৫। বিজয়া পর্যায়ের পদগুলিতে মাতৃহৃদয়ের যে হাহাকার বিধৃত হয়েছে, উদাহরণ সহযোগে তার পরিচয় দাও।
